

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ডাক বিভাগ  
ডাটা সেন্টার, ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।

মহাপরিচালকের পরিপত্র নং-৩৯

তারিখঃ ০৪/১১/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস(EMTS) এর নতুন কমিশন/ফি নির্ধারণ হওয়ায় পোস্ট ই-সেন্টার এর মাধ্যমে ইএমটিএস এর সেবা সম্প্রসারণ প্রসঙ্গে।

অর্থ বিভাগের ২৩.১০.২০১৮ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.৫৪.০০৮.১৫-৫০ সংখ্যক স্মারক ও ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ৩১.১০.২০১৮ খ্রিঃ তারিখের ১৪.০০.০০০০.০০৭.২৮.০০২.১০.১১২৩ প্রাজ্ঞাপন মোতাবেক ডাক অধিদপ্তর কর্তৃক প্রবর্তিত পোস্ট অফিস টু পোস্ট অফিস ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস (ইএমটিএস) এর ফি নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ

লেনদেনের পরিমাণ		বিপিও টু বিপিও	
মানি অর্ডারকৃত টাকার পরিমাণ	গ্রাহক কর্তৃক প্রদেয় ইএমটিএস এর ফি	বিতরণকারী প্রতিষ্ঠানের শেয়ার/ নেটওয়ার্ক চার্জ	ডাক অধিদপ্তর কর্তৃক প্রাপ্য শেয়ার
১০০-৫০০০০/-	মানি অর্ডারকৃত টাকার ০.৫% ন্যূনতম ১০ টাকা	নির্ধারিত ৭ টাকা	৭ টাকা বাদে ইএমটিএস ফি এর সম্পূর্ণ অংশ


২। হিসাবভুক্তিঃ

ক) পোস্ট অফিসে হিসাবভুক্তিঃ পূর্বের নিয়মানুযায়ী ইএমটিএস করার পর প্রাপ্তি, পরিশোধ ও প্রতিটি ইস্যুর জন্য ৭ টাকা কমিশন একটি মাত্র কোড ৮১১১২০৭ এ হিসাবভুক্ত করতে হবে। ইএমটিএস ইস্যু বাবদ ডাক বিভাগের প্রাপ্য কমিশন ৭ টাকা বাদে অবশিষ্ট টাকা ১৪২১২০৫ কোড এ হিসাবভুক্ত করতে হবে।

খ) নেটওয়ার্ক প্রোভাইডার এর প্রাপ্য কমিশন পরিশোধঃ মাস শেষে ইএমটিএস নেটওয়ার্ক প্রোভাইডার তাদের প্রাপ্য কমিশনের জন্য ডাক অধিদপ্তরের মহাপরিচালক বরাবর বিল দাখিল করবে। উক্ত বিল দাখিলের পর পরিচালক (ডাক), ডাক অধিদপ্তর, ঢাকা বিলের সঠিকতা সেন্ট্রাল সার্ভার রুম হতে যাচাইপূর্বক মঞ্জুরিপত্রের মাধ্যমে নেটওয়ার্ক প্রোভাইডারের প্রাপ্য টাকা ৮১১১২০৭ কোডে খরচ দেখিয়ে চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে। এ টাকা কেন্দ্রীয়ভাবে ঢাকা জিপিও থেকে নেটওয়ার্ক প্রোভাইডারকে (বাংলালিংক) প্রদান করার ব্যবস্থা নিতে হবে।

৩। ০১.১১.২০১৮ খ্রিঃ তারিখে জারিকৃত ৩৮ নং পরিপত্রটি এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ ০৪.১১.২০১৮ খ্রিঃ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

  
(সুশান্ত কুমার মন্ডল)  
মহাপরিচালক  
ফোনঃ ০২-৯৫৬৩৪৬০।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ডাক বিভাগ  
ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।

**পোস্ট অফিসে মোবাইল মানি অর্ডার কমিশন কমলো ৭৩%**

- > বর্তমানে মোবাইল মানি অর্ডার কমিশন মাত্র ০.৫% যা আগে ছিল ১.৮৫%।
- > এখন অবিশ্বাস্য সাশ্রয়ী হারে মোবাইল মানি অর্ডার করা যায়।

টাকার পরিমাণ	পূর্বের কমিশন	বর্তমান কমিশন
১,০০০ টাকা	১৮.৫০ টাকা	১০ টাকা
২,০০০ টাকা	৩৭ টাকা	১০ টাকা
৩,০০০ টাকা	৫৫.৫০ টাকা	১৫ টাকা
৫,০০০ টাকা	৯২.৫০ টাকা	২৫ টাকা
৭,০০০ টাকা	১২৯.৫০ টাকা	৩৫ টাকা
১০,০০০ টাকা	১৮৫ টাকা	৫০ টাকা
১৫,০০০ টাকা	২৭৭.৫০ টাকা	৭৫ টাকা
২০,০০০ টাকা	৩৭০ টাকা	১০০ টাকা
২৫,০০০ টাকা	৪৬২.৫০ টাকা	১২৫ টাকা
৩০,০০০ টাকা	৫৫৫ টাকা	১৫০ টাকা
৪০,০০০ টাকা	৭৪০ টাকা	২০০ টাকা
৫০,০০০ টাকা	৯২৫ টাকা	২৫০ টাকা

দেশের ২,৭৫০ টি ডাকঘরে এই সেবা পাওয়া যাচ্ছে।

আপনার প্রয়োজনীয় অর্থ মোবাইল মানি অর্ডারে প্রেরণ করুন-দ্রুত, নিরাপদে ও কম খরচে পৌঁছে যাবে।

সাশ্রয়ী সেবার জন্য ডাক বিভাগ সর্বদা আপনার সাথে আছে।

প্রচারে-  
বাংলাদেশ ডাক বিভাগ

সুশান্ত কুমার মন্ডল  
মহাপরিচালক  
বাংলাদেশ ডাক বিভাগ  
ডাক অধিদপ্তর, ঢাকা  
ফোন : ৯৫৬৩৪৬০।